স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ অধিকতর সংশোধনকল্পে আইনের সংশোধিত খসড়া জনমত যাচাইয়ের লক্ষ্যে ওয়েবসাইটে প্রকাশ করা হলো। আইন সংশোধনীর বর্ণিত খসড়া বিষয়ে ২০ (বিশ) দিনের মধ্যে মতামত প্রদানের জন্য অনুরোধ করা হলো।

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**:

(১) এই আইন স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) (সংশোধন) আইন, ২০২২ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এ ধারা ২ (৩২.ক) সংশোধন:** ইউনিয়ন পরিষদ আইন, ২০০৯ এর ধারা **২ (৩২.ক)** নিম্নরুপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা:

"বর্জ্য" অর্থ যে কোন তরল, বায়বীয়, কঠিন, তেজস্ক্রিয় পদার্থ যাহা নির্গত, নিক্ষিপ্ত বা স্তূপীকৃত হইয়া পরিবেশের ক্ষতিকর পরিবর্তন সাধন করে।

৩। **স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এ ধারা ১০ (৫) সংশোধন:** ইউনিয়ন পরিষদ আইন, ২০০৯ এর ধারা ১০ এর উপধারা (৫) নিম্নরুপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা:

"ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যগণ **দায়িত্ব পালনকালীন** সরকার কর্তৃক নির্ধারিত সম্মানী পাইবেন।"

৪। **স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এ ধারা ১৮ (১) সংশোধন:** ইউনিয়ন পরিষদ আইন, ২০০৯ এর ধারা ১৮ এর উপধারা (১) নিম্নরুপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা:

প্রশাসক নিয়োগ:

কোন এলাকাকে ইউনিয়ন ঘোষণার **কিংবা পরিষদের মেয়াদ উত্তীর্ণ হইবার** পর ইহার কার্যাবলী সম্পাদনের জন্য সরকার একজন উপযুক্ত কর্মকর্তা বা উপযুক্ত ব্যক্তিকে প্রশাসক হিসেবে নিয়োগ করিবে এবং এই আইনের বিধান মোতাবেক নির্বাচিত পরিষদ গঠন না হওয়া পর্যন্ত প্রশাসক ইউনিয়ন পরিষদের যাবতীয় দায়িত্ব পালন করিবেনঃ

তবে শর্ত থাকে যে, উপ-ধারা (১) এর অধীন নিযুক্ত প্রশাসক একবারের অধিক ১২০ (একশত বিশ) দিনের অধিক সময় কাল দায়িত্বে থাকিতে পারিবেন না।

মেয়াদ:

আরো শর্ত থাকে যে, কোন দৈব-দুর্বিপাকের কারণে এই আইনের বিধান মোতাবেক নির্বাচিত পরিষদ গঠন করা সম্ভব না হইলে সরকার উক্ত মেয়াদ ৬০ (ষাট) দিন পর্যন্ত বৃদ্ধি করিতে পারিবে। উল্লেখ্য যে, **অতিমারী, মহামারী, ইত্যাদি বিশেষ ক্ষেত্রে** সরকার উক্ত মেয়াদ যৌক্তিক সময় পর্যন্ত বৃদ্ধি করিতে পারিবে।

৫। **স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এ ধারা ২৯ (২) সংশোধন:** ইউনিয়ন পরিষদ আইন, ২০০৯ এর ধারা ২৯ এর উপধারা (২) নিম্নরুপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা:

চেয়ারম্যান ও সদস্যদের শপথ গ্রহণ হওয়ার তারিখ হইতে পরবর্তী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে ইউনিয়ন পরিষদের প্রথম সভা অনুষ্ঠিত হইবে।

৬। **স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এ ধারা ২৯ (৫) সংশোধন:** ইউনিয়ন পরিষদ আইন, ২০০৯ এর ধারা ২৯ এর উপধারা (৫) নিম্নরুপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা:

"দৈব-দুর্বিপাকজনিত বা অন্যবিধ কোন কারণে নির্ধারিত ৫ (পাঁচ) বৎসর মেয়াদের মধ্যে নির্বাচন অনুষ্ঠান সম্ভব না হইলে, সরকার লিখিত আদেশ দ্বারা, নির্বাচন না হওয়া পর্যন্ত**, পরিষদের কার্যাবলী পরিচালনার জন্য একজন উপযুক্ত কর্মকর্তা বা উপযুক্ত ব্যক্তিকে প্রশাসক হিসেবে নিয়োগ করিতে পারিবে।** প্রশাসকের মেয়াদ কাল ধারা ১৮ এর উপধারা (১) ধারা নির্ধারিত হইবে।

৭। **স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এ ধারা ৩০ সংশোধন:** ইউনিয়ন পরিষদ আইন, ২০০৯ এর ধারা ৩০ নিম্নরুপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা:

পরিষদ গঠনের বা **প্রশাসক নিয়োগের পর, প্রযোজ্যমতে**, পূর্ববর্তী চেয়ারম্যান বা প্যানেল চেয়ারম্যানের দায়িত্বপ্রাপ্ত সদস্য **বা প্রশাসক** তাঁহার দখলে বা নিয়ন্ত্রণে থাকা পরিষদের সকল নগদ অর্থ, পরিসম্পদ, দলিল দস্তাবেজ, রেজিস্টার ও সীলমোহর যতশীঘ্র সম্ভব অথবা উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক স্থিরীকৃত তারিখ, সময় ও স্থানে নতুন নির্বাচিত চেয়ারম্যান বা, ক্ষেত্রমতে, প্যানেল চেয়ারম্যানের দায়িত্বপ্রাপ্ত সদস্য **বা প্রশাসকের** নিকট পরিষদের ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসারের মনোনীত একজন প্রথম শ্রেণীর কর্মকর্তার উপস্থিতিতে বুঝাইয়া দিবেন।

৮। **স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এ ধারা** ৩১ (১) **সংশোধন:** ইউনিয়ন পরিষদ আইন, ২০০৯ এর ধারা ৩১ এর উপধারা (১) নিম্নরুপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা:

যদি কোন চেয়ারম্যান বা চেয়ারম্যানের দায়িত্বপ্রাপ্ত কোনো সদস্য **বা প্রশাসক** ধারা ৩০ অনুযায়ী নির্ধারিত পদ্ধতিতে নির্দিষ্ট সময়ের মধ্যে দায়িত্ব হস্তান্তর করিতে ব্যর্থ হন, তাহা হইলে তিনি ১০,০০০/- (দশ হাজার) টাকা পর্যন্ত অর্থদন্ডে দন্ডনীয় হইবেন।

৯। **স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এ ধারা** ৩২ (২) **সংশোধন:** ইউনিয়ন পরিষদ আইন, ২০০৯ এর ধারা ৩২ এর উপধারা (২) নিম্নরুপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা:

চেয়ারম্যান এতদুদ্দেশ্যে উপজেলা নির্বাহী অফিসারের নিকট, তাঁহার পদত্যাগ করিবার অভিপ্রায় লিখিতভাবে ব্যক্ত করিয়া পদত্যাগ করিতে পারিবেন এবং উক্ত **উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক** গৃহীত হওয়ার সাথে সাথে উক্ত চেয়ারম্যানের পদ শূন্য হইবে।

১০। **স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ২য় তফসিল (ধারা ৪৭ দ্রষ্টব্য) সংশোধন:** ইউনিয়ন পরিষদ আইন, ২০০৯ এর ২য় তফসিল (ধারা ৪৭ দ্রষ্টব্য) এর ইউনিয়ন পরিষদ কার্যাবলীর ১১ নং নিম্নরুপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা:

**গ্রাম আদালত পরিচালনা** ও আইন শৃংখলা রক্ষায় সরকারের অর্পিত দায়িত্ব পালন ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।

১১। **স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ২য় তফসিল (ধারা ৪৭ দ্রষ্টব্য) সংশোধন:** ইউনিয়ন পরিষদ আইন, ২০০৯ এর ২য় তফসিল (ধারা ৪৭ দ্রষ্টব্য) এর ইউনিয়ন পরিষদ কার্যাবলীর ১৯ নং নিম্নরুপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা:

**বর্জ্য** সংগ্রহ, অপসারণ ও ব্যবস্থাপনা নিশ্চিত করা।

১২। **স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ২য় তফসিল (ধারা ৪৭ দ্রষ্টব্য) সংশোধন:** ইউনিয়ন পরিষদ আইন, ২০০৯ এর ২য় তফসিল (ধারা ৪৭ দ্রষ্টব্য) এর ইউনিয়ন পরিষদ কার্যাবলীর ২১ নং নিম্নরুপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা:

মৃত পশুর দেহ অপসারণ ও নিয়ন্ত্রণ এবং পশু জবাই নিয়ন্ত্রণ **ও ব্যবস্থাপনা।**

১৩। **স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এ ধারা ৬ (৪) সংশোধন:** ইউনিয়ন পরিষদ আইন, ২০০৯ এর ধারা ৬ এর উপধারা (৪) নিম্নরুপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা:

ইউনিয়ন পরিষদের **ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা** ওয়ার্ড সভায় উপস্থিত থাকিয়া সভার কার্যবিবরণী তৈরি ও গৃহীত সিদ্ধান্তসমূহ রেকর্ড করিবেন এবং বাস্তবায়ন অগ্রগতি পরবর্তী পরিষদ ও ওয়ার্ড সভায় উপস্থাপন করিবেন।

১৪। **স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এ ধারা ৪৬ (২) (ঘ) সংশোধন:** ইউনিয়ন পরিষদ আইন, ২০০৯ এর ধারা ৪৬ এর উপধারা (২) (ঘ) নিম্নরুপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা:

তিনি বা পরিষদের **ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তার** যৌথ স্বাক্ষরে পরিষদের সকল আয় ব্যয়ের হিসাব পরিচালনা করিবেন।

১৫। **স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এ ধারা ৪৬ (৫) (খ) সংশোধন:** ইউনিয়ন পরিষদ আইন, ২০০৯ এর ধারা ৪৬ এর উপধারা (৫) (খ) নিম্নরুপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা:

এই আইন বা তদধীন প্রণীত বিধির পরিপন্থী এবং প্রশাসনিক বিশৃংখলার কারণে পরিষদের **ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা** এবং হস্তান্তরিত অন্যান্য দপ্তরের কর্মকর্তা ও কর্মচারী ব্যতীত পরিষদের নিয়ন্ত্রণাধীন অন্যান্য কর্মচারীগণকে প্রয়োজনে যথাযথ পদ্ধতি অনুসরণ করিয়া সাময়িক বরখাস্ত করিতে পারিবেন**:**

১৬। **স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এ ধারা ৪৬(৫) (গ) সংশোধন:** ইউনিয়ন পরিষদ আইন, ২০০৯ এর ধারা ৪৬ এর উপধারা (৫) (গ) নিম্নরুপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা:

**পরিষদের ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তার** নিকট হইতে পরিষদের প্রশাসনিক বিষয় সংক্রান্ত যে কোন ক্লাসিফাইড রেকর্ড বা নথি লিখিতভাবে তলব করিতে এবং আইন ও নির্ধারিত পদ্ধতিতে আদেশ প্রদান করিতে পারিবেন; তবে তিনি এইরূপ কোন ক্লাসিফাইড রেকর্ড বা নথি তলব করিতে পারিবেন না, যাহা সম্পূর্ণরূপে **ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা** বা সংশ্লিষ্ট কর্মকর্তার নিজস্ব কর্মকর্তার নিজস্ব তত্ত্বধানে থাকিবে;

১৭। **স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এ ধারা ৫৪ (৪) সংশোধন:** ইউনিয়ন পরিষদ আইন, ২০০৯ এর ধারা ৫৪ এর উপধারা (৪) নিম্নরুপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা:

পরিষদের তহবিল পরিষদ চেয়ারম্যান ও **ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা** যৌথ স্বাক্ষরে পরিচালিত হইবে।

১৮। **স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এ ধারা ৬২ (১) সংশোধন:** ইউনিয়ন পরিষদ আইন, ২০০৯ এর ধারা ৬২ এর উপধারা (১) নিম্নরুপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা:

প্রত্যেক ইউনিয়ন পরিষদের একজন **ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা,** একজন হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর থাকিবেন, যাহারা সরকার বা সরকার কর্তৃক নির্ধারিত কোনো কর্তৃপক্ষের মাধ্যমে নিযুক্ত হইবেন।

১৯। **স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এ ধারা ৭১(৪) সংশোধন:** ইউনিয়ন পরিষদ আইন, ২০০৯ এর ধারা ৭১ এর উপধারা (৪) নিম্নরুপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা:

পরিষদের চেয়ারম্যান, **ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা** ও অন্যান্য কর্মকর্তা বা কর্মচারীগণ উপ-ধারা (১) অনুযায়ী নিযুক্ত কর্মকর্তাকে সহযোগিতা করিতে বাধ্য থাকিবেন।

২০। **স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এ ধারা ৭৬(৩) সংশোধন:** ইউনিয়ন পরিষদ আইন, ২০০৯ এর ধারা ৭৬ এর উপধারা (৩) নিম্নরুপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা:

পরিষদের **ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা**, চেয়ারম্যানের সঙ্গে পরামর্শক্রমে, উক্ত প্রতিবেদন প্রস্তুত করিবেন এবং উহা চূড়ান্ত অনুমোদনের জন্য পরিষদের সভায় উপস্থাপন করিবেন।

২১। **স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এ ধারা ৭৯(১) সংশোধন:** ইউনিয়ন পরিষদ আইন, ২০০৯ এর ধারা ৭৯ এর উপধারা (১) নিম্নরুপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা:

কোনো ব্যক্তির কোনো তথ্যের প্রয়োজন হইলে তাহাকে নির্ধারিত ফরমে এবং নির্ধারিত ফি দিয়া পরিষদের চেয়ারম্যানের বরাবরে লিখিত আবেদন করিতে হইবে; উক্ত দরখাস্ত নামঞ্জুর বা অন্যরূপ নিষ্পত্তি না হইলে **ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা** নির্দিষ্ট সময়ের মধ্যে যাচিত তথ্য সরবরাহ করিবেন।

২২। **স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এ ধারা ৮০(১) সংশোধন:** ইউনিয়ন পরিষদ আইন, ২০০৯ এর ধারা ৮০ এর উপধারা (১) নিম্নরুপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা:

পরিষদের **ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা** বা দায়িত্বপ্রাপ্ত অন্যকোন কর্মকর্তা বা কর্মচারী এই অধ্যায়ে বর্ণিত নোটিফাইড রেকর্ডপত্র ব্যতীত অন্যান্য তথ্য নির্ধারিত পদ্ধতিতে নির্দিষ্ট মেয়াদের মধ্যে সরবরাহ করিতে বাধ্য থাকিবে।

২৩। **স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এ ধারা ৮০(২) সংশোধন:** ইউনিয়ন পরিষদ আইন, ২০০৯ এর ধারা ৮০ এর উপধারা (২) নিম্নরুপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা:

যদি **ইউনিয়ন পরষদ প্রশাসনিক কর্মকর্তা** বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বা কর্মচারী নির্দিষ্ট মেয়াদের মধ্যে উক্তরূপ তথ্য সরবরাহ না করেন, তাহা হইলে প্রতিদিনের বিলম্বের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা হারে জরিমানা দিতে হইবে এবং উক্ত জরিমানার অর্থ পরিষদের তহবিলে জমা হইবে।

২৪। **স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এ ধারা ৮০(৩) সংশোধন:** ইউনিয়ন পরিষদ আইন, ২০০৯ এর ধারা ৮০ এর উপধারা (৩) নিম্নরুপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা:

পরিষদের **ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা** বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বা কর্মচারী যদি তথ্য সরবরাহ না করেন, অথবা যদি তাহার জানা সত্ত্বেও অসত্য বা ভুল তথ্য সরবরাহ করেন, তাহা হইলে তিনি অন্যূন ১,০০০/- (এক হাজার) টাকা অর্থদণ্ডে দণ্ডিত হইবেন।

২৫। **স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এ ধারা ৯২(ক) সংশোধন:** ইউনিয়ন পরিষদ আইন, ২০০৯ এর ধারা ৯২(ক) নিম্নরুপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা:

এই আইনে বর্ণিত কোন অপরাধ সংঘটনের চেষ্টা বা অপরাধ সংঘটনের খবর সম্পর্কে অনতিবিলম্বে পরিষদের চেয়ারম্যান বা **ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা** বা অন্য কোনো কর্মকর্তাকে অবহিত করা;

২৬। **স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এ ধারা ৯২(খ) সংশোধন:** ইউনিয়ন পরিষদ আইন, ২০০৯ এর ধারা ৯২(খ) নিম্নরুপভাবে প্রতিস্থাপিত হইবে, যথা:

পরিষদের চেয়ারম্যান, **ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা** বা অন্যকোন কর্মকর্তা লিখিত অনুরোধের ভিত্তিতে আইনসঙ্গত দায়িত্ব পালনে সহায়তা করা।

12.06.22